DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 12:29 PM

সারাদেশ

# মান্দার ঘুলহাড়িয়া খেয়াঘাটে নিখোঁজ যুবকের মরদেহ উদ্ধার

প্রতিবেদক: মান্দা (নওগাঁ) প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নওগাঁর মান্দা উপজেলার ঘুলহাড়িয়া খেয়াঘাট-সংলগ্ন নদী থেকে আতিকুর রহমান (৩০) নামে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (৪ আগস্ট) সকালে স্থানীয়দের দেওয়া সংবাদের ভিত্তিতে ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত আতিকুর রহমান উপজেলার কসব ইউনিয়নের বনকুড়া গ্রামের বাসিন্দা এবং ময়েজউদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্র জানায়, সকালে কয়েকজন পথচারী নদীর পানিতে একটি মরদেহ ভাসতে দেখে পুলিশে খবর দেন। পরে মান্দা থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে।

নিহতের বড় ভাই আনোয়ার হোসেন জানান, সোমবার সন্ধ্যার পর থেকে আতিকুর রহমান নিখোঁজ ছিলেন। প্রথমদিকে মরদেহটির পরিচয় নিশ্চিত করা সম্ভব না হলেও পরে পরিবারের সদস্য ও স্থানীয়দের মাধ্যমে তাঁর পরিচয় শনাক্ত করা হয়।

মান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খোরশেদ আলম বলেন, খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করেছে। ময়নাতদন্তের জন্য মরদেহটি পাঠানোর প্রক্রিয়া চলছে। একই সঙ্গে মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা

হচ্ছে।

---

## এ বিভাগের আরও খবর




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**

নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**

নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...



**হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন**

অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/mandar-ghulhariya-kheyaghate-nikhonj-jubker-mrdeh-uddhar